



নিউইয়র্ক : পুনর্মিলন অনুষ্ঠানের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের একাংশ। ছবি - ঠিকানা।

গভঃ ইন্টারমিডিয়েট কলেজের

পুনর্মিলনী অনুষ্ঠিত

নিউইয়র্কঃ ঢাকার গভঃ ইন্টারমিডিয়েট টেকনিক্যাল কলেজ (বর্তমান সরকারী বিজ্ঞান কলেজ) এর প্রাক্তন ছাত্রদের উদ্যোগে গত ১১ জুলাই নিউইয়র্কে এক পুনর্মিলন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফ্লোরিডা, আলাবামা, ক্যালিফোর্নিয়া টেক্সাস ও নিউইয়র্কে বসবাসকারী উল্লেখ্যযোগ্য সংখ্যক প্রাক্তন ছাত্রএতে যোগদান করে।

কলেজের উপর ভিত্তি করে ধারণকৃত একটি ভিডিও দিয়ে উপস্থিত ছাত্রদের ফিরিয়ে নিয়ে যাওয়া হয় কলেজের সেই পুরনো দিনগুলিতে। এইসময় উপস্থিত ছাত্ররা বেশ আবেগপ্রবণ হয়ে পড়ে। এই পর্বটি পরিচালনা করে কলেজের প্রাক্তন ছাত্র আবু আহমেদ মুন্না। আলোচনা, কৌতুক, কবিতা, সঙ্গীত ও নৃত্যে অংশ নেন বাহার, বিদ্যুৎ বাবুল চন্দন, রাকিব, বিপুল, মৌরীন, শৈবাল, জিল্লুর রহমান, স্বপ্না কায়সার, আক্তার হোসেন, যাদুকর টনি, রাজীব প্রমুখ।

প্রেস -বিজ্ঞপ্তি